


# অ্যান্ড্রয়িডের পাঁচ বিকল্প অ্যাপ স্টোর

**সুমন ইসলাম**

অ্যান্ড্রয়িডের জন্য রয়েছে বেশ কিছু অফিশিয়াল অ্যাপ্লিকেশন বা অ্যাপ স্টোর। এসব স্টোর থেকে সহজেই অ্যাপ্লিকেশন ডাউনলোড করে ব্যবহার করা যায়। এছাড়া বিকল্প কিছু অনলাইন উৎস রয়েছে, যেখান থেকে অ্যান্ড্রয়িডের জন্য অ্যাপ ডাউনলোড করার সুযোগ রয়েছে। এগুলোকে বলা হচ্ছে বিকল্প অ্যাপ স্টোর। এসব উৎস ব্যবহার করে গ্রাহকেরা বেশ কিছু সুবিধা আয়ত্তে নিতে সক্ষম হবেন।

এসব স্বতন্ত্র বা বিকল্প অ্যাপ স্টোর থেকে অ্যাপ্লিকেশন ডাউনলোড করার জন্য কোনো অ্যাকাউন্ট তৈরি করতে হয় না। উপরন্তু এরাই অ্যাপের এপি অর্থাৎ অ্যাপলিকেশন প্যাকেজ ফাইল সরবরাহ করে। এসব এপিকে ফাইল কমপিউটারে ডাইনলোড করে এবং পরে তা ফোনে স্থানান্তর করা যায়। এর মাধ্যমেই চাহিদা মতো অ্যাপ্লিকেশন ইনস্টল করা যাবে।

এর অর্থ হলো, এসব অ্যাপ ইনস্টল করার জন্য ফোনের সাথে ইন্টারনেটে সংযোগের কোনো প্রয়োজন নেই। কোনো কোনো অ্যাপ স্টোর আপনাকে দেবে একটি লিঙ্ক, যা ব্যবহার করে সরাসরি ফোনে অ্যাপ্লিকেশন প্যাকেজ ডাউনলোড করা সম্ভব।

আপনার যদি ব্র্যান্ডের নয় এমন সস্তা অ্যান্ড্রয়িড ডিভাইস থাকে, তাহলে আপনার পক্ষে গুগল প্লে স্টোরে ঢোকা সম্ভব হবে না। সে ক্ষেত্রে এসব বিকল্প অ্যাপ স্টোরই হয়তো হবে আপনার অ্যাপ সংগ্রহের একমাত্র উৎস। এখানে মিলবে সব জনপ্রিয় অ্যাপ। তাছাড়া রয়েছে এমন সব অ্যাপ, যা অফিশিয়াল প্লে স্টোরগুলোতে তালিকাভুক্ত নয়। এ লেখায় পাঁচটি জনপ্রিয় বিকল্প অ্যাপ স্টোর নিয়ে আলোকপাত করা হয়েছে, যা ব্রাউজ করে দেখা যেতে পারে। অনেক স্টোরে এমন অ্যাপ তালিকাভুক্ত রয়েছে, যা অন্য প্ল্যাটফর্মের জন্য। এমন কিছু অ্যাপ রয়েছে যেগুলো আন-অফিশিয়াল বা বিকল্প উৎস থেকে ডাউনলোড করা সম্ভব নয়। সে ক্ষেত্রে অফিশিয়াল সাইটে যাওয়ার লোকেশন দেয়া হয়েছে। অফিশিয়াল অ্যাপ স্টোরকে এড়িয়ে যাওয়ার উপায়ও কিছু কিছু ক্ষেত্রে বাতলে দেয়া হয়েছে।

## অপেরা মোবাইল স্টোর

আপনি যদি স্মার্টফোনে অপেরা ব্রাউজার ব্যবহার করেন তাহলে স্পিড ডায়াল প্যানেলে অপেরা মোবাইল স্টোর আইকন আপনার নজরে পড়বে। এটি গুরুত্বপূর্ণ সব প্ল্যাটফর্ম সাপোর্ট করে এবং দুই শ'য়েরও বেশি দেশে এর প্রবেশাধিকার রয়েছে। এখানে পাওয়া যাবে বিনামূল্যে এবং অর্থের বিনিময়ে অ্যাপ।

হোমপেজে ওপরের দিকে দেখা যাবে একটি রিবন, যেখানে থাকবে অ্যান্ড্রয়িড, উইন্ডোজ মোবাইল, জাভা, সিমবিয়ান, ব্ল্যাকবেরি, আইফোন এবং এইচটিএমএল ফাইভসহ প্ল্যাটফর্মগুলোর ট্যাব। এখান থেকে পছন্দমতো প্ল্যাটফর্ম সিলেক্ট করলেই দেখা যাবে এখানে রয়েছে সব ধরনের অ্যাপ। ক্যাটাগরি অনুযায়ী এগুলোকে ফিল্টার করার ব্যবস্থাও রয়েছে। এ




পর্যায়ে আপনি যখন কোনো একটি ক্যাটাগরিতে ক্লিক করবেন, তখন বিনামূল্যে এবং অর্থের বিনিময়ে অ্যাপগুলো পৃথক ক্যাটাগরিতে ভাগ হয়ে দৃশ্যমান হবে। এরপর একটি অ্যাপের ওপর ক্লিক করলে স্ক্রিনে চলে আসবে সেই অ্যাপের সংক্ষিপ্তসার এবং এটি ব্যবহার করতে কী ধরনের ডিভাইস বা যন্ত্রের প্রয়োজন হবে তার বিবরণ। এছাড়া রেটিংটাও জানানো হবে। অপেরা মোবাইল স্টোরের সবচেয়ে বড় সুবিধাটা হলো এর ফ্ল্যাক্সিবিলিটি অর্থাৎ নমনীয়তা। অ্যাপ ডাউনলোডের জন্য ফোন থেকে এই স্টোরে সরাসরি ঢোকা যায়। অথবা প্রয়োজনীয় অ্যাপ্লিকেশন প্যাকেজ ডাউনলোড এবং সেগুলোকে ফোনে বা অন্য যন্ত্রে স্থানান্তরের জন্য কমপিউটার ব্যবহার করে এটি ব্রাউজ করা যায়। ওয়েবসাইট : http://apps.opera.com

## গেটজার

অন্যতম জনপ্রিয় আরেকটি অ্যাপ স্টোর হলো গেটজার। এখানে পাওয়া যাবে অ্যান্ড্রয়িড, সিমবিয়ান, ব্ল্যাকবেরি এবং এমনকি আইওএসের জন্য অ্যাপ। শুরুতেই আপনার ফোন মডেল সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শুধু কম্প্যাটিবল বা ডিভাইস সমর্থন করে এমন অ্যাপগুলোই ডিসপ্লে হবে।

হোমপেজে দেখা যাবে সর্বশেষ এবং খুবই




জনপ্রিয় অ্যাপগুলোর তালিকা। গেম, স্যোশাল, প্রোডাকটিভিটি, এন্টারটেইনমেন্ট, ফিন্যান্স, ফুড, টুলস, ম্যাপস এবং ট্রাভেলসহ বিভিন্ন ক্যাটাগরি অনুযায়ী ব্রাউজ করা যাবে। এই প্রত্যেকটি ক্যাটাগরিকে আবার কয়েকটি সাব-ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে। এ কারণেই এখান থেকে প্রয়োজনীয় অ্যাপ খুঁজে বের করা সহজ। আপনি যখন প্রয়োজনীয় কোনো অ্যাপে ক্লিক করবেন, তখন ওই অ্যাপ সম্পর্কে নানা ▸




তথ্য পাওয়া যাবে। সেখানে থাকা লাইক/ডিজলাইক এবং মন্তব্য দেখে অ্যাপটির জনপ্রিয়তা বোঝা যাবে। নির্দিষ্ট ওই অ্যাপটি ঠিক কতবার ডাউনলোড করা হয়েছে তাও দেখা যাবে। ডাউনলোডে ক্লিক করলে পাওয়া যাবে ওই অ্যাপের একটি কোড। ফোন অথবা ট্যাবলেটে ওই কোড ব্যবহার করে তখন আপনাকে যেতে হবে গেটজার মোবাইল সাইটে। ব্যবহার করতে হবে ক্যুইক ডাউনলোড অপশন। এরপর এপিকে ফাইল আপনার ডিভাইসে পাঠিয়ে দেয়া হবে। গেটজারে পাওয়া যাবে সব জনপ্রিয় অ্যাপ। এগুলো অফিশিয়াল অ্যাপ স্টোরেও রয়েছে। বিশেষ ব্যাপার হলো, অ্যাপ ডেভেলপাররা নিজেরাই তাদের অ্যাপ আপলোড করেন। ওয়েবসাইট : www.getjar.mobi

## স্লাইডমি

অ্যান্ড্রয়িডের জন্য অপর একটি জনপ্রিয় বিকল্প অ্যাপ স্টোর হলো স্লাইডমি। এখানে বিনামূল্যে এবং অর্থের বিনিময়ে উভয় ব্যবস্থায় অ্যাপ পাওয়া যায়। স্লাইডমিতে ব্যাপকভিত্তিক অ্যাপ রয়েছে। এগুলো অনেক জনপ্রিয় এবং পাওয়া যায় প্লে স্টোরে। এছাড়া এখানে ডেভেলপারেরা তাদের উদ্ভাবিত অ্যাপ সরাসরি আপলোড করেন। তাই অফিশিয়াল স্টোরের চেয়ে এখানে অ্যাপগুলোর ভিন্নতা লক্ষ করা যায়।

হোমপেজে দেখা যায় অ্যাপগুলো তালিকাভুক্ত রয়েছে লেটেস্ট, পপুলার এবং আপডেটেড ভিত্তিতে। ব্রাউজ করার সময় অ্যাপ্লিকেশন ট্যাবে ক্লিক করতে হবে। সাথে সাথে পাওয়া যাবে সবচেয়ে নতুন অ্যাপ। এটা থাকবে ডিফল্ট সেটিং হিসেবে। পেজের ডান দিকে পাওয়া যাবে ফিল্টার অপশন। এটি ব্যবহার করে অ্যাপগুলো বের করা যাবে এবং দাম, জনপ্রিয়তা, রেটিং ইত্যাদি ভিত্তিতে সাজানো যাবে। নিচে পাওয়া যাবে শর্ট অপশন। এখানে ক্যাটাগরিভিত্তিতে অ্যাপগুলো সাজানো। যখন আপনি কোনো অ্যাপে ক্লিক করবেন তখন পাওয়া যাবে এর রেটিং এবং সাহায্যকারী নানা নোটসহ প্রয়োজনীয় তথ্য। এছাড়া অ্যাপটির জন্য গুগল অ্যাকাউন্টের দরকার আছে কি না, কোন অ্যান্ড্রয়িড সংস্করণ সাপোর্ট করে ইত্যাদি নানা তথ্য পাওয়া যাবে।

এখানে দুইভাবে একটি অ্যাপ ডাউনলোড করা যাবে। প্রথমত, ডাউনলোডে ক্লিক করা এবং এপিকে ফাইল সেভ করা। দ্বিতীয়টিত, অ্যান্ড্রয়িড ডিভাইস দিয়ে কিউআর কোড স্ক্যান করা, সাইটে সংযুক্ত হওয়া এবং ডিভাইসে সরাসরি অ্যাপ ডাউনলোড করা। আপনি যেখানে ফাইলটি সেভ করতে চান, সেই ফোল্ডার সিলেক্ট করেও ডাউনলোড করা যাবে। এছাড়া অ্যান্ড্রয়িড ফোন বা ট্যাবলেটে দিয়ে ব্রাউজ করে এসএএম অ্যাপ সরাসরি ডাউনলোড করার ব্যবস্থা রয়েছে। ওয়েবসাইট : http://slideme.org

## নেক্সভা

নেক্সভা একটি মাল্টি প্ল্যাটফর্ম অ্যাপ স্টোর। এখানে অ্যান্ড্রয়িড, আইওএস, ব্ল্যাকবেরি, উইন্ডোজ, সিমবিয়ান, জাভাসহ অন্যান্য সিস্টেমের জন্য অ্যাপ রয়েছে। এখানে বিনামূল্যে এবং অর্থের বিনিময়ে অ্যাপ পাওয়া যাবে। এর হোমপেজে গেলে দেখা যাবে অ্যাপগুলো সাজানো রয়েছে ক্যাটাগরি ভিত্তিতে। ক্যাটাগরিগুলোর মধ্যে রয়েছে টুলস অ্যান্ড প্রোডাকটিভিটি, বিজনেস, ট্রাভেল, মিউজিক, থিমস, লাইফ স্টাইল, বুকস, নিউজ, সোশ্যাল নেটওয়ার্কিং এবং আরও অনেক কিছু। প্রত্যেক




ক্যাটাগরিকে আবার ভাগ করা হয়েছে অনেকগুলো সাব-ক্যাটাগরিতে। কোনো অ্যাপে ক্লিক করলে দেখা যাবে অ্যাপটির সংক্ষিপ্ত বিবরণ, রেটিং, পর্যালোচনা এবং কমপ্যাটিবল ডিভাইসের তালিকা। যখন আপনি ডাউনলোডে ক্লিক করবেন, তখন দেখতে পাবেন তিনটি বিকল্প। প্রথমত, আপনি যেখানে অ্যাপটি ডাউনলোড করতে চান সেখানে অ্যাপটি ই-মেইল করে পাঠিয়ে দেয়া হবে। দ্বিতীয়ত, আপনাকে একটি লিঙ্ক দেয়া হবে, যা দিয়ে আপনার ফোনে অ্যাপটি ডাউনলোড করতে পারবেন। তৃতীয়টিত, আপনাকে ডিসপ্লে কিউআর কোড স্ক্যান করতে হবে এবং ফোনে অ্যাপের এপিকে ডাউনলোড করার জন্য ওই স্ক্যান ব্যবহার করতে হবে। সব মিলিয়ে বলা যায়, এ স্টোরে অনেক ভালো অ্যাপ রয়েছে। ওয়েবসাইট : http://www.nexva.com

## হ্যানড্যাঙ্গো

জনপ্রিয় বিকল্প অ্যাপ স্টোরগুলোর মধ্যে হ্যানড্যাঙ্গো অন্যতম। এটি অ্যান্ড্রয়িড, আইওএস, ব্ল্যাকবেরি, উইন্ডোজ, সিমবিয়ান এবং পাম ওএস সাপোর্ট করে। ডিভাইস এবং প্ল্যাটফর্ম উভয়ভাবেই এ অ্যাপ ব্যবহারের সুবিধা রয়েছে।




হোমপেজের বাম দিকে দেয়া রয়েছে চারটি ক্যাটাগরিতে অ্যাপের তালিকা। এগুলো হলো– ফিচার, ফ্রি, নিউ এবং আপডেটেড। কোনো অ্যাপে ক্লিক করলে পাওয়া যাবে অ্যাপের বিবরণ, রেটিং, ব্যবহারকারীদের মন্তব্য এবং কোন ডিভাইসের সাথে এটি কম্পিট্যাবল তা। দুইভাবে এখান থেকে অ্যাপ ডাউনলোড করা যাবে। প্রথমত, ই-মেইলের মাধ্যমে। এ ক্ষেত্রে ই-মেইলে একটি লিঙ্ক দেয়া হবে এবং তা ব্যবহার করে অ্যাপ ডাউনলোড করা যাবে। দ্বিতীয়ত, আপনার পিসিতে অ্যাপের এপিকে ডাউনলোড করতে পারবেন এবং পরে তা ফোনে ইনস্টল করা যাবে। অবশ্য সব অ্যাপের এপিকে ডাউনলোড করা সম্ভব হবে না। ওয়েবসাইট : www.handango.com

## অন্যান্য

এ পাঁচটি ছাড়াও বেশ কয়েকটি বিকল্প অ্যাপ স্টোর রয়েছে, যা আপনি ব্যবহার করে দেখতে পারেন। এর মধ্যে রয়েছে পাণ্ডা অ্যাপ, ইয়ানডেক্স এবং ইনসাইডমার্কেট। শিগগিরই অ্যামাজন অ্যাপ স্টোরে ঢোকার সুযোগ তৈরি হচ্ছে। এটি বিশ্বের অন্যতম বৃহৎ স্বতন্ত্র অ্যাপ স্টোর। অ্যামাজন বিশ্বের আরও কয়েকটি দেশে তার অ্যাপ স্টোর সম্প্রসারণের পরিকল্পনা করছে কজ

*ফিডব্যাক : sumonislam7@gmail.com*